

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পাস-২ শাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- ৪৬.০৮৫.০১৪.০১.০০.০০১.২০১৬/৬৬৪

তারিখ : ২৭ ডিসেম্বর ২০১৭


বিষয় : ঢাকা ওয়াসার Dhaka Environmentally Sustainable Water Supply Project (DESWSP) এবং Dhaka Water Supply Network Improvement Project (DWSNIP) শীর্ষক দুটি প্রকল্পের বৈদেশিক ঋণদাতা সংস্থাসমূহের Loan Review Mission এর Aide Memoire এর উপর মতামত/অনাপত্তি প্রেরণ সংক্রান্ত।

- সূত্র : (১) ঢাকা ওয়াসার স্মারক নং- 46.113.624.00.00.G-07/DWSNIP/227 তারিখ : ২৬/১১/২০১৭
(২) ঢাকা ওয়াসার স্মারক নং- 46.113.618.00.00.G-164/DESWSP/3466, তারিখ : ৩০/১১/২০১৭
(৩) ইআরডির স্মারক নং ০৯.০০.০০০০.১২৫.১৪.০২১.১৭.৩০১, তারিখ : ০৯/১১/২০১৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসার Dhaka Environmentally Sustainable Water Supply Project (DESWSP) এবং Dhaka Water Supply Network Improvement Project (DWSNIP) শীর্ষক দুটির বিষয়ে ১৬ অক্টোবর হতে ২৪ অক্টোবর ২০১৭ মেয়াদে ঋণদাতা সংস্থাসমূহের Loan Review Mission বাংলাদেশ সফর করে। সফরকালে Review Mission কর্তৃক প্রকল্পের অগ্রগতিসহ সার্বিক বিষয়াদি পর্যালোচনা করা হয়। মিশনের সঙ্গে স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে একটি Wrap-up Meeting অনুষ্ঠিত হয়। Review Mission এর এ সংশ্লিষ্ট Aide Memoire প্রেরণ করা হয়েছে। উক্ত Aide Memoire এর উপর ঢাকা ওয়াসা তাদের অনাপত্তি জ্ঞাপন করেছে। অপর দিকে Dhaka Environmentally Sustainable Water Supply Project (DESWSP) এর Design Build Operation (DBO) প্যাকেজের উপর মহামান্য হাইকোর্ট বিভাগে একটি Writ Petition মামলা দায়ের হয়েছে মর্মে ঢাকা ওয়াসা জানিয়েছেন। দায়েরকৃত মামলা মহামান্য হাইকোর্টে বিচারার্থী থাকার কারণে নির্ধারিত সময়ে কার্যাদেশ প্রদান করা সম্ভব হচ্ছে না এবং Writ Petition মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক নিষ্পত্তি হওয়ার পর কার্যাদেশ প্রদান করা যাবে মর্মে ঢাকা ওয়াসা জানিয়েছে।

২। এমতাবস্থায়, ঢাকা ওয়াসার Dhaka Environmentally Sustainable Water Supply Project (DESWSP) এবং Dhaka Water Supply Network Improvement Project (DWSNIP) শীর্ষক দুটির Aide Memoire এর উপর ঢাকা ওয়াসার মতামত ও অনাপত্তি এবং Dhaka Environmentally Sustainable Water Supply Project (DESWSP) এর সর্বশেষ অবস্থা সংক্রান্ত ঢাকা ওয়াসার মতামত পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।


(ড. কে এম কামরুজ্জামান সেলিম)
উপসচিব
ফোন : ৯৫৪০৩৭০
watersupply_02@yahoo.com

সচিব
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
শেরে বাংলা নগর, ঢাকা।

(দৃঃ আঃ উপসচিব, এডিবি-৬ অধিশাখা)

অনুলিপি : (সদয় অবগতি ও কার্যার্থে)

- ১। অতিরিক্ত সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ।
- ২। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা, কাওরান বাজার, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৪। প্রকল্প পরিচালক, Dhaka Water Supply Network Improvement Project, ঢাকা ওয়াসা।
- ৫। প্রকল্প পরিচালক, Dhaka Environmentally Sustainable Water Supply Project, ঢাকা ওয়াসা।
- ৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।